



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ ডাক বিভাগ  
পোস্টমাস্টার জেনারেলের কার্যালয়  
দক্ষিণাঞ্চল, খুলনা-৯০০০।

www.pmgkhulna.bdpost.gov.bd



নম্বর- ১৪.৩১.৪৭০০.৪০৫.০৫.০০১.২৩


তারিখঃ ২০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ।  
২৪ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ।

অফিস আদেশ

পোস্টমাস্টার জেনারেল, দক্ষিণাঞ্চল, খুলনা এবং মহাপরিচালক, বাংলাদেশ ডাক বিভাগ, ডাক অধিদপ্তর, ঢাকা মহোদয়ের মধ্যে স্বাক্ষরিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদন করা হয়েছে। উক্ত চুক্তির আওতায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ বাস্তবায়নের লক্ষ্যে কর্মসম্পাদনসূচক- ৩.১.১: এ আওতাধীন ইউনিট অফিসসমূহের অংশগ্রহণে নতুন একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেজিং) আয়োজন এবং শ্রেষ্ঠ উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন করা হবে।

২। এ লক্ষ্যে পোস্টমাস্টার জেনারেল, দক্ষিণাঞ্চল, খুলনা কার্যালয়ে আগামী ০৪ এপ্রিল ২০২৪ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ টায় অত্র সার্কেলের সকল ইউনিট অফিসসমূহের (সকল ডেপুটি পোস্টমাস্টার জেনারেলের কার্যালয়, খুলনা জিপিও, ডাক প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা ও পোস্টমাস্টার (এ-গ্রেড) এর কার্যালয়) অংশগ্রহণে একটি ইনোভেশন প্রদর্শনী (শোকেজিং) আয়োজন করা হয়েছে। উক্ত ইনোভেশন প্রদর্শনী (শোকেজিং) সফলভাবে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকল ইউনিট অফিসসমূহ হতে ন্যূনতম একটি নতুন উদ্ভাবনী উদ্যোগ প্রদর্শনের লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিট প্রধান এবং প্রযোজ্যক্ষেত্রে ০১ (এক) জন সহযোগীকে উপস্থিত থাকার জন্য আদেশক্রমে অনুরোধ করা হলো।

৩। মূল্যায়ন পদ্ধতি: উদ্ভাবনী উদ্যোগ / ধারণার বর্ণনা, প্রসেস ম্যাপ, লিংক ও টিসিডি বিশ্লেষণসহ প্রতিবেদন।



(মোঃ আমিনুর রহমান)

অতিরিক্ত পোস্টমাস্টার জেনারেল


ফোন নং- ০২৪৭৭৭০১৮৯৫

নম্বর- ১৪.৩১.৪৭০০.৪০৫.০৫.০০১.২৩

তারিখঃ ২০ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ।  
২৪ মার্চ ২০২৪ খ্রিস্টাব্দ।

বিতরণ সদয় কার্যার্থে: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। সকল কর্মকর্তা, সার্কেল অফিস, খুলনা;
- ২। ডেপুটি পোস্টমাস্টার জেনারেল, খুলনা/ যশোর/ কুষ্টিয়া/ ফরিদপুর/ বরিশাল/ পটুয়াখালী/ আরএমএস ই-বিভাগ, খুলনা;
- ৩। উর্দ্ধতন পোস্টমাস্টার, খুলনা জিপিও;
- ৪। অধ্যক্ষ, ডাক প্রশিক্ষণ কেন্দ্র, খুলনা;
- ৫। পোস্টমাস্টার (এ-গ্রেড), যশোর/ কুষ্টিয়া/ ফরিদপুর/ গোপালগঞ্জ/ বরিশাল/ পটুয়াখালী প্রধান ডাকঘর;
- ৬। অফিস সুপারিনটেনডেন্ট, সার্কেল অফিস, খুলনা;
- ৭। পিএ টি পিএমজি, সার্কেল অফিস, খুলনা (পিএমজি মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
- ৮। সভাপতি (আইসিটি সেল), পিএমজি অফিস, খুলনা(অত্র দপ্তরের ওয়েব সাইটে আপলোড করার অনুরোধসহ)
- ৯। নথি/ অতিরিক্ত কপি।



(মোঃ সুলতান হোসেন)

সহকারী পোস্টমাস্টার জেনারেল (স্টাফ)

ও সদস্য সচিব, ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা কমিটি।

[apmgstaffkhl@bdpost.gov.bd](mailto:apmgstaffkhl@bdpost.gov.bd)